গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
প্রশাসন শাখা
www.doict.gov.bd

# মে/২০২৬ মাসে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | মোহাম্মদ সাইফুল হাসান<br>মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব) |
| সভার তারিখ | ২৩/০৫/২০২৬ খ্রি |
| সভার সময় | শনিবার, দুপুর ১২:৩০ টা |
| স্থান | আইসিটি অধিদপ্তরের সম্মেলন কক্ষ |
| উপস্থিতি | আইসিটি অধিদপ্তরের প্রধান কার্যালয়ে কর্মরত কর্মকর্তাগণ |

সভাপতি সভার শুরুতেই উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর সভাপতির অনুমতিক্রমে পরিচালক (অর্থ ও প্রশাসন) বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান। কোন সংশোধনী না থাকায় কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। পরবর্তীতে তিনি আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যক্রম শুরু করেন। সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্রম. | বিষয় ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১। | **গত সভার কার্যবিবরণী অনুমোদনঃ**<br>সভায় গত সভার কার্যবিবরণী উপস্থাপন করা হলে সভাপতি উপস্থিত সদস্যদের কাছে জানতে চান, উক্ত কার্যবিবরণীতে কোনো সংযোজন, বিয়োজন বা সংশোধনীর প্রস্তাব আছে কিনা এবং তাঁরা যথাযথভাবে তা পাঠ করেছেন কিনা। সভায় আরও উল্লেখ করা হয় যে, প্রতিমাসে কার্যবিবরণীতে গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি নিয়ে নিয়মিত আলোচনা করা হবে। | কার্যবিবরণীতে কোনো সংযোজন বা বিয়োজনের না থাকায় কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে অনুমোদিত হলো। | প্রশাসন শাখা |

| | | | |
|---|---|---|---|
| ২। | **২০২৫-২৬ অর্থবছরের গৃহীত প্রশিক্ষণ সংক্রান্ত কার্যক্রম বাস্তবায়ন অগ্রগতি:**<br>১। Freelancing ToT (Grafics Design with AI) বিষয়ে ০৮ টি ব্যাচে ২০ জন করে ১৬০ জনের প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে ও Freelancing ToT (digital mkt) বিষয়ক প্রশিক্ষণ ০৯ টি ব্যাচে ১৭৬ জনের প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে।<br>২। Operation & maintanace বিষয়ক প্রশিক্ষণ ০৭ টি ব্যাচে ২০ জন করে ১৪০ জনের প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে।<br>৩। Project & Office Management Training with AI বিষয়ক প্রশিক্ষণ ০৬ টি ব্যাচে ৩০ জন করে ১৮০ জনের প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে।<br>**আইসিটি অধিদপ্তর আওতাধীন প্রকল্পসমূহের প্রশিক্ষণের তথ্য:**<br>৪। ToT on Frontier Technology বিষয়ক প্রশিক্ষণ ইতোমধ্যে ১৭টি ব্যাচে মোট ৩৪০ জনের প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে এবং ২০২৬-২৭ অর্থবছরে আরো ৬ ব্যাচে ১২০ জনের প্রশিক্ষণ কার্যক্রম সম্ভব হবে বলে পরিকল্পনা করা হচ্ছে।<br>৫। End User Connectivity পরবর্তী গ্রাহক পর্যায়ে প্রশিক্ষণ ২০২৫-২০২৬ অর্থবছরে (এপ্রিল পর্যন্ত) সারাদেশে বিভিন্ন উপজেলায় মোট ৪১৮টি ব্যাচে ২০,০০০ জনকে প্রদান করা হয়েছে। মে মাসে আরও ১০০০ জনকে উক্ত প্রশিক্ষণ প্রদানের লক্ষ্যমাত্রা রয়েছে।<br>প্রধান কার্যালয়/ জেলা/ উপজেলা/ প্রকল্পসহ প্রশিক্ষণের কার্যক্রম সুষ্ঠূভাবে সম্পাদনের নিমিত্ত নির্ভুলভাবে ডাটাবেজ গঠনের জন্য একটি কমিটি গঠনের কথা উল্লেখ্য করেন। | **(ক)** ডাটাবেজ সংরক্ষণ-প্রশিক্ষণার্থীদের তথ্য কেন্দ্রীয়ভাবে সংরক্ষণ, ডিজিটাল ট্র্যাকিং সিস্টেম যুক্ত করা এবং নিয়মিত আপডেট/ব্যাকআপ নিশ্চিত করা।<br>ফলাফল পর্যালোচনা-প্রশিক্ষণ-পরবর্তী সার্ভে, প্রকল্পভিত্তিক মূল্যায়ন এবং অনলাইন প্রোফাইল পর্যবেক্ষণের মাধ্যমে দক্ষতা ও প্রভাব যাচাই **করা**।<br><br>**(খ)** দক্ষতা উন্নয়ন ও কর্মসংস্থান-মেন্টরশিপ প্রোগ্রাম, সরকারি-বেসরকারি সংযোগ, ইনকিউবেশন সাপোর্ট এবং অ্যাডভান্সড কোর্স চালু করা।<br><br>(গ) প্রধান কার্যালয়/ জেলা/ উপজেলা/ প্রকল্পসহ প্রশিক্ষণের সংক্রান্ত উপর্যুক্ত সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য **নিম্নবর্ণিত কমিটি গঠন করা** হলো:<br>(১) উপপরিচালক (প্রশাসন)- আহ্বায়ক<br>(২) জনাব হুসাইন মুহাম্মদ রিদওয়ান, সহকারী প্রোগ্রামার (প্রশাসন)- সদস্য<br>(৩) মাঠ পর্যায়ের কর্মকর্তা – সদস্য<br>(৪) জনাব মোঃ আশিক আকবর, ডাটা এন্ট্রি/ কন্ট্রোল সুপারভাইজার (প্রশাসন)-সদস্য সচিব<br>গঠিত কমিটি প্রতিমাসের ৩য় সপ্তাহের আগ্রগতি প্রতিবেদন দাখিল করবেন। | ১। সংশ্লিষ্ট শ<br>প্রধানগণ<br>২। সহক<br>প্রোগ্রামার<br>(প্রশাসন) |
| ৩। | **নিয়োগ বিধিমালা ও সাংগঠনিক কাঠামো হালনাগাদকরণঃ**<br>৩.১। আইসিটি অধিদপ্তরের নিয়োগ বিধিমালায় মহাপরিচালক পদকে গ্রেড-২ থেকে গ্রেড-১ এ উন্নীতকরণ এবং ইনস্ট্রাক্টর ও লাইব্রেরিয়ান পদ যুক্তকরণের জন্য বেতনস্কেল যাচাই ও গ্রেড নির্ধারণের বিষয়ে আইসিটি বিভাগ থেকে অর্থ বিভাগে ০২/০৭/২০২৪ তারিখে দুটি পৃথক স্মারক প্রেরণ করা হয়। পরবর্তীতে অর্থ বিভাগ থেকে প্রয়োজনীয় তথ্য চেয়ে ২৪/১২/২০২৪ তারিখে আইসিটি বিভাগ একটি পত্র পাঠায়। এর প্রেক্ষিতে ২৩/০২/২০২৫ তারিখে আইসিটি বিভাগে প্রয়োজনীয় তথ্যসহ একটি উত্তর প্রেরণ করা হয়। পরবর্তীতে ০৬/০৩/২০২৫ তারিখে অর্থ বিভাগের যাচিত তথ্যসহ আইসিটি বিভাগ পুনরায় পত্র প্রেরণ করে। বিষয়টি নিয়ে আইসিটি বিভাগ ও অর্থ বিভাগের মধ্যে যোগাযোগ অব্যাহত রয়েছে।<br>৩.২। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের সাংগঠনিক কাঠামো (TO&E) সংশোধন ও হালনাগাদকরণের লক্ষ্যে আইসিটি বিভাগে পত্র প্রেরণ করা হয়েছে। পাশাপাশি নতুন পদ সৃজন ও নিয়োগ বিধিমালা সংশোধনের জন্য মহাপরিচালকের নির্দেশনায় ১৯/০২/২০২৬ তারিখে পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন)-কে প্রধান করে একটি কমিটি পুনঃগঠন করা হয়েছে। | ৩.১। আইসিটি অধিদপ্তরেরর নিয়োগ বিধিমালায় মহাপরিচালক পদকে গ্রেড-২ থেকে গ্রেড-১ এ উন্নীতকরণের নিমিত্ত বেতনস্কেল যাচাই/ভেটিংয়ের জন্য এবং ইনস্ট্রাক্টর ও লাইব্রেরিয়ান পদ যুক্তকরণের নিমিত্ত আইসিটি বিভাগ ও অর্থ বিভাগের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে।<br><br>৩.২। আইসিটি অধিদপ্তরের সাংগঠনিক কাঠামো পুনঃগঠন ও নিয়োগ বিধিমালা সংশোধনপূর্বক খসড়া দ্রুততম সময়ের মধ্যে মহাপরিচালক-এর নিকট দাখিল করতে হবে। | ১। অতি<br>মহাপরিচালক<br>২। পরিচা<br>(অর্থ ও প্রশাস<br>৩। উপ-পরিচা<br>(প্রশাসন)<br>৪। ওয়েবসা<br>এ্যাডমিনিস্ট্রেট<br>(সিস্টেম<br>প্রশিক্ষণ)<br>৫। সহক<br>প্রোগ্রামার<br>(প্রশাসন) |

| | | | |
|---|---|---|---|
| ৪। | **কর্মকর্তা/কর্মচারীদের জ্যেষ্ঠতা নির্ধারণ সংক্রান্তঃ**<br><br>৪.১। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের ৬ষ্ঠ থেকে ১০ম গ্রেডভুক্ত কর্মকর্তাদের জ্যেষ্ঠতা নির্ধারণের লক্ষ্যে গত ০২/০৫/২০২৪ তারিখের ৩৮৪ নং স্মারক পত্রমূলে একটি কমিটি গঠন করে খসড়া তালিকা প্রস্তুত করার নির্দেশ দেওয়া হয়। পরবর্তীতে ০২/০৭/২০২৪ তারিখের ৩১৮ নং স্মারক পত্রমূলে সংশ্লিষ্ট কাগজপত্র যাচাই-বাছাই করে স্থায়ীকরণ ও জ্যেষ্ঠতা নির্ধারণের জন্য মতামত/সুপারিশ প্রদানের উদ্দেশ্যে পুনরায় একটি কমিটি গঠন করা হয়। অধিদপ্তরের প্রায় ৬০০ কর্মকর্তা (৬ষ্ঠ ও ৯ম গ্রেডের ME, NE, P, DA, WA, AD, AP, ANE পদে কর্মরত) এর ফিডার পদ ও তথ্যাদি যাচাই সাপেক্ষে ভিন্ন ভিন্ন তালিকা প্রস্তুত করে পর্যায়ক্রমে জ্যেষ্ঠতা তালিকা প্রণয়ন করার জন্য কমিটি দায়িত্ব প্রদান করা হয়। তালিকা অদ্যাবধি পাওয়া যায় নাই।<br><br>৪.২। অপরদিকে, অধিদপ্তরের ১৩তম থেকে ১৬তম গ্রেডভুক্ত কর্মচারীদের জ্যেষ্ঠতা তালিকা প্রণয়নের জন্য গত ১৫/০৪/২০২৬ তারিখে স্মারক নং ৫৬.০৪.০০০০.০০০.০০৮.৩২.০০০১. ২৩.৩২৬ এর মাধ্যমে খসড়া জ্যেষ্ঠতা তালিকা প্রকাশ করা হয়েছে। প্রকাশিত খসড়া তালিকা নিয়ে ইতোমধ্যে কয়েকটি আপত্তি উত্থাপিত হয়েছে, যা পর্যালোচনা ও নিষ্পত্তির প্রয়োজন রয়েছে। | ৪.১। অধিদপ্তরে ৬ষ্ঠ ও ৯ম গ্রেডের বিভিন্ন পদের (ME, NE, P, DA, WA এবং, AD, AP, ANE) প্রায় ৬০০ কর্মকর্তার মধ্যে ফিডার পদ এবং তালিকা ও তথ্যাদি প্রস্তুত সাপেক্ষে বিভিন্ন পদের কর্মকর্তাদের ভিন্ন ভিন্ন তালিকা পর্যায়ক্রমে প্রস্তুত করে জ্যেষ্ঠতার তালিকা প্রণয়নের প্রস্তাব নিয়োগকারী কর্তৃপক্ষ হিসেবে আইসিটি বিভাগে প্রেরণ করতে হবে<br><br>৪.২। অধিদপ্তরের ১৩-১৬ তম গ্রেডের কর্মচারীদের জ্যেষ্ঠতার তালিকা প্রণয়ন কার্যক্রম দ্রুত সম্পন্ন করার নিমিত্ত উত্থাপিত আপত্তি আগামী ২০ জুন ২০২৬ তারিখের মধ্যে নিষ্পত্তি করতে হবে। | ১। অতি[illegible] মহাপরিচালক<br>২। পরিচা[illegible] (অর্থ ও প্রশাসন[illegible]<br>৩। উপ-পরিচা[illegible] (প্রশাসন)<br>৪। সহক[illegible] প্রোগ্রামার (প্রশাসন) |
| ৫। | **অধিদপ্তরের বিভিন্ন শূন্য পদে নিয়োগঃ**<br>১। অধিদপ্তরের ১৮৬০ পদের বিপরীতে বিভিন্ন ক্যাটাগরিতে ৮৬৩টি পদ শূন্য রয়েছে। পদের তালিকা হালনাগাদ করার বিষয়ে আলোচনা করা হয় এবং শূন্যপদসমূহে অগ্রাধিকারভিত্তিতে নিয়োগের উদ্যোগ গ্রহণ করার বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | অধিদপ্তরের বিদ্যমান শূন্যপদ অগ্রাধিকারভিত্তিতে নিয়োগের উদ্যোগ গ্রহণ করতে হবে। | ১। পরিচালক (অ[illegible] প্রশাসন)<br>২। উপ-পরিচা[illegible] (প্রশাসন)<br>৩। সহকারী প্রোগ্রা[illegible] (প্রশাসন) |
| ৬। | মামলা পরিচালনাঃ আইসিটি অধিদপ্তরে মামলাগুলোর বর্তমান অবস্থা নিম্নরূপঃ<br>হাইকোর্ট ডিভিশনের রিট মামলা<br>▪ **১৮০৩৬/২০১৭:** শুনানির জন্য কার্যতালিকায় ছিল। এখতিয়ার পরিবর্তনের কারণে নতুন বেঞ্চে দাখিলের প্রস্তুতি চলছে। মামলার আধিক্যের কারণে শুনানি ও নিষ্পত্তিতে সময় লাগছে।<br>▪ **৫১৮১/২০১৮:** নতুন বেঞ্চে শুনানির জন্য উপস্থাপনের কার্যক্রম চলমান।<br>▪ **১৯১০/২০১৯:** এসএফ জমা দেওয়া হয়েছে। ১৩/০৫/২০২৬ তারিখে শুনানি হওয়ার কথা থাকলেও সামার ভেকেশনের কারণে স্থগিত হয়েছে; ভেকেশনের পর শুনানি হবে।<br>▪ **৫৬৯০/২০১৯:** আপিল বিভাগে সিভিল পিটিশন ফর লিভ টু আপিল নং ১৪২৮/২০২৪ দায়ের করা হয়েছে। আইনগত পদক্ষেপ গ্রহণ ও দ্রুত শুনানির ব্যবস্থা চলছে।<br>▪ **৭৩৯২/২০২৪:** দ্রুত শুনানির ব্যবস্থা গ্রহণের কার্যক্রম চলমান।<br>▪ **৩০১/২০২৪:** বাদী মামলা প্রত্যাহারের আবেদন করেছেন। প্রয়োজনীয় তথ্য হাইকোর্টে দাখিলের জন্য প্রকল্প দপ্তরকে অবহিত করতে হবে।<br>▪ **৭০৬১/২০২৫:** দফাওয়ারি জবাব প্রস্তুতের জন্য আইনজীবীকে নির্দেশ দেওয়া হয়েছে; দ্রুত জমা দেওয়া হবে।<br>▪ **২০৫৮/২০২৫ (৭০৬১/২০২৫ হতে উদ্ভূত):** আপিলের জবাব প্রস্তুত চলছে; দ্রুত জমা দেওয়া হবে।<br>▪ **১১৮০৯/২০২৫:** মামলার রেকর্ড সংগ্রহ করা হয়েছে; আইনগত কার্যক্রম গ্রহণের প্রক্রিয়া চলমান।<br>▪ **প্রশাসনিক ট্রাইব্যুনাল মামলা**<br>▪ **১৫২/২০২৪:** এসএফ দাখিল করা হয়েছে। ১২/০১/২০২৫ তারিখে শুনানি অনুষ্ঠিত হয়েছে। ২০১৯ সালে নিয়োগপ্রাপ্ত সহকারী প্রোগ্রামারগণ সময় চেয়েছেন। পরবর্তী শুনানি ১১/০৬/২০২৬ তারিখে নির্ধারিত।<br>▪ **১৬১/২০২৪:** এসএফ দাখিল করা হয়েছে। ১২/০১/২০২৫ তারিখে শুনানি অনুষ্ঠিত হয়েছে। সহকারী প্রোগ্রামারগণ সময় চেয়েছেন। পরবর্তী শুনানি ১১/০৬/২০২৬ তারিখে নির্ধারিত।<br><br>অধিকাংশ রিট মামলা নতুন বেঞ্চে শুনানির অপেক্ষায় বা আপিল প্রক্রিয়ায় রয়েছে। কয়েকটি মামলায় বাদী প্রত্যাহারের আবেদন করেছেন, আবার কিছু মামলায় দফাওয়ারি জবাব প্রস্তুত চলছে। প্রশাসনিক ট্রাইব্যুনালের দুটি মামলায় ইতোমধ্যে শুনানি সম্পন্ন হয়েছে এবং পরবর্তী শুনানি জুন ২০২৬-এ নির্ধারিত। | আইসিটি অধিদপ্তরের মামলাসমূহের দ্রুত নিষ্পত্তির নিমিত্ত আইনজীবী এবং আদালতের সাথে সমন্বয় করে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণের জন্য নিম্নবর্ণিত কমিটি গঠন করা হলোঃ<br>(১) জনাব মোঃ এরফানুল হক চৌধুরী, উপপরিচালক<br>(২) জনাব মুহাম্মদ এরশাদ হোসাইন, সহকারী পরিচালক (প্রশাসন)<br>(৩) জনাব হুসাইন মুহাম্মদ রিদওয়ান, সহকারী প্রোগ্রামার (প্রশাসন)<br>আগামী ১০/০৬/২০২৬ তারিখের মধ্যে কমিটি মামলাসমূহ নিষ্পত্তি সংক্রান্তে প্রয়োজনীয় সুপারিশ সম্বলিত রিপোর্ট প্রদান করবে। | ১। অতি[illegible] মহাপরিচালক<br>২। সহকারী প্রোগ্রা[illegible] (সেবা) - ফো[illegible] পয়েন্ট |

<table>
<tr>
<td>৭।</td>
<td>প্রতিবেদন/রিপোর্ট প্রেরণঃ<br>মাসিক সমন্বয় সভার বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন, ১৮০ দিনের কর্মসূচী, জিপিএমএস, জাতীয় সংসদের প্রশ্নোত্তর, প্রকল্প অগ্রগতি, এডিপি, বাজেট, অডিট, মাসিক মন্ত্রিপরিষদ প্রতিবেদন, অনুমোদিত, বিদ্যমান ও শূন্য পদের বিবরণ ত্রৈমাসিক প্রতিবেদন, বিবিধ তথ্য ও সংস্কার অগ্রগতির প্রতিবেদন নির্ধারিত সময়ের মধ্যে নির্ভুলভাবে প্রেরণের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।</td>
<td>(ক) আইসিটি বিভাগসহ অন্যান্য মন্ত্রণালয়/বিভাগ/ দপ্তরের যাচিত প্রতিবেদন নির্ধারিত সময়ের মধ্যে নির্ভুলভাবে প্রেরণ নিশ্চিত করতে হবে।<br>(খ) এ জন্য পৃথক ফোকাল পারসন অথবা শাখা নির্ধারণ করে দায়িত্ব প্রদান করতে হবে।</td>
<td>১। সংশ্লিষ্ট শ<br>প্রধানগণ<br>২। জনাব ে<br>আশিক আকব<br>ডাটা এন্ট্রি/কন্ট<br>সুপারভাইজার<br>(প্রশাসন)</td>
</tr>
<tr>
<td>৮।</td>
<td>ডি-নথি কার্যক্রম:<br>এপ্রিল/২০২৬ মাসের ডি-নথি কার্যক্রমে নিম্নরূপ তথ্য সভায় উপস্থাপন করা হয়ঃ<br>
<table>
<tr><td rowspan="2">তৈরিকৃত নথির সংখ্যা</td><td colspan="4">মোট নথি নিষ্পত্তিকৃত</td><td rowspan="2">মোট পত্রজারি</td></tr>
<tr><td>ডাক নোটে নিষ্পত্তি (ক)</td><td>নোটে নিষ্পত্তি (খ)</td><td>পত্রজারিতে নিষ্পন্ন (গ)</td><td>মোট (ক+খ+গ)</td></tr>
<tr><td>৪</td><td>৪</td><td>১৪</td><td>১৪৬</td><td>১৬৪</td><td>১৬৪</td></tr>
</table>
সভায় মাঠপর্যায়ের কর্মকর্তাদের ডি-নথি ব্যবহারে এক্সেসজনিত জটিলতা ও সমস্যা নিরসন বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।<br><br>ডি-নথি সিস্টেমে Cyber Attack রোধকল্পে বিসিসি কর্তৃক আইসিটি অধিদপ্তরকে গত ১৯/০৩/২৪ তারিখে ১০০০টি ই-সাইনের মিনি বান্ডেল প্রদান করা হয়েছে। তন্মধ্যে ২২৯ টি ই-সাইন ব্যবহৃত হয়েছে। অন্যান্য ই-সাইনগুলোর ব্যবহার নিশ্চিত করতে হবে।</td>
<td>ক) সকল পত্র ডি-নথিতে উপস্থাপন নিশ্চিত করতে হবে।<br>খ) মাঠপর্যায়ের কর্মকর্তাদের ডি-নথিতে এক্সেস প্রদানের জন্য পুনরায় পত্র প্রেরণ করতে হবে।<br>গ) ডেস্ক অফিসার পর্যায়ে দ্রুততম সময়ের মধ্যে অন্তত ৫০০টি ই-সাইন ব্যবহার করে পত্র জারিকরণ নিশ্চিত করতে হবে।<br><br>ঘ) শাখা, জেলা ও উপজেলা ভিত্তিক ডি-নথি কার্যক্রম উপস্থাপন করতে হবে। এ কাজ তদারকি ও প্রতিবেদন প্রস্তুতের জন্য একটি কমিটি গঠন করা হবে।</td>
<td>১। শাখা-অধিশ<br>প্রধানগণ<br>২। ওয়েবসা<br>এ্যাডমিনিস্ট্রেট<br>(সিস্টেম<br>প্রশিক্ষণ)<br>৩। সহক<br>নেটওয়ার্ক<br>ইঞ্জিনিয়ার<br>(প্রশাসন)</td>
</tr>
<tr>
<td>৯।</td>
<td>পরিদর্শনঃ এপ্রিল-২০২৬ মাসের জেলা/উপজেলা কার্যালয়ের পরিদর্শন নিম্নরূপঃ<br>
<table>
<tr><td rowspan="2">বিভাগ</td><td colspan="2">মোট পরিদর্শন</td><td rowspan="2">মোট (বিভাগ ভিত্তিক)</td></tr>
<tr><td>আইসিটিডি ডিজিটাল ল্যাব</td><td>আইসিটিডি স্কুল অব ফিউচার</td></tr>
<tr><td>খুলনা</td><td>৯৮</td><td>০৪</td><td>০০</td></tr>
<tr><td>চট্টগ্রাম</td><td>৪২</td><td>০১</td><td>০১</td></tr>
<tr><td>ঢাকা</td><td>৬৯</td><td>০৫</td><td>০০</td></tr>
<tr><td>বরিশাল</td><td>২৬</td><td>০১</td><td>০০</td></tr>
<tr><td>ময়মনসিংহ</td><td>১২</td><td>০২</td><td>০০</td></tr>
<tr><td>রংপুর</td><td>১৯</td><td>০৫</td><td>০০</td></tr>
<tr><td>রাজশাহী</td><td>২২</td><td>০৪</td><td>০০</td></tr>
<tr><td>সিলেট</td><td>০৫</td><td>০১</td><td>০০</td></tr>
<tr><td></td><td>২৯৩</td><td>২৬</td><td>০১</td></tr>
</table>
এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।</td>
<td>ক) পরিদর্শন নির্দেশনা<br>■ শাখা প্রধানগণ প্রতি মাসে অন্তত ১টি শাখা/অধিশাখা এবং ২টি ফিল্ড পরিদর্শন করবেন।<br>■ পরিচালকগণ প্রতি ৩ মাসে অধীন ন্যূনতম ২টি শাখা/অধিশাখা ও ২টি ফিল্ড পরিদর্শন করবেন।<br>■ প্রধান কার্যালয়ের অন্যান্য কর্মকর্তাগণও নিয়মিত প্রকল্প, জেলা ও উপজেলা কার্যালয় পরিদর্শন করবেন।<br>খ) ডিজিটাল ল্যাব/ উপজেলা নাগরিক সেবা এবং আইসিটি প্রশিক্ষণ কেন্দ্র ভিজিট<br>■ জেলা কার্যালয়ের আইসিটি কর্মকর্তাগণ: স্বশরীরে কমপক্ষে ৪টি, ভার্চুয়ালি ১০টি ল্যাব ভিজিট।<br>■ উপজেলা কার্যালয়ের আইসিটি কর্মকর্তাগণ: স্বশরীরে কমপক্ষে ৫টি, ভার্চুয়ালি ১৫টি ল্যাব ভিজিট।<br>গ) পরিদর্শন নির্দেশনা<br>পরিদর্শনে যাওয়ার আগে সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্তৃপক্ষকে অবহিত করতে হবে। নির্ধারিত প্রমাপ অনুযায়ী পরিদর্শন শেষে তিন দিনের মধ্যে প্রতিবেদন জমা দিতে হবে। প্রতিবেদনে স্থিরচিত্র, সুপারিশ ও মতামত অন্তর্ভুক্ত থাকবে এবং তা অবশ্যই soms.gov.bd পোর্টালে প্রেরণ করতে হবে।<br>(ঘ) পরিদর্শনের ক্ষেত্রসমূহঃ<br>পরিদর্শনের জন্য নিম্নলিখিত ক্ষেত্রে অনুমতির জন্য আইসিটি বিভাগে প্রেরণ করতে হবে-<br>■ ইউনিয়ন ডিজিটাল সেন্টার-সেবা</td>
<td>১। উপ-পরিচা<br>ও ত<br>কর্মকর্তাগণ<br>২। জেলা কার্যা<br>(সকল জেলা)<br>৩। উপজে<br>কার্যালয়, (স<br>উপজেলা)<br>৪। সহক<br>নেটওয়ার্ক<br>ইঞ্জিনিয়ার<br>(প্রশাসন)</td>
</tr>
</table>

| | | | |
|---|---|---|---|
| | | | কার্যক্রম ও নাগরিক সুবিধা পর্যবেক্ষণ।<br>■ **আইটি ট্রেইনিং এন্ড ইনকিউবেশন সেন্টার** - প্রশিক্ষণ কার্যক্রম ও উদ্যোক্তা উন্নয়ন মূল্যায়ন।<br>■ **হাইটেক/সফটওয়্যার পার্ক-** প্রযুক্তি অবকাঠামো, স্টার্টআপ ও শিল্প উন্নয়ন কার্যক্রম পরিদর্শন।<br>■ **শিক্ষা প্রতিষ্ঠানে ডিজিটাল ল্যাব** - শিক্ষার্থীদের দক্ষতা উন্নয়ন ও ল্যাব ব্যবহারের কার্যকারিতা যাচাই।<br>■ **আইসিটি বিভাগের অধীনস্থ দপ্তর/সংস্থার প্রশিক্ষণ কার্যক্রম** - প্রশিক্ষণের মান, ফলাফল বিশ্লেষণ ও প্রভাব মূল্যায়ন।<br>■ **নেটওয়ার্ক অপারেশন কার্যক্রম**-সংযোগ, নিরাপত্তা ও কার্যকারিতা পর্যবেক্ষণ।<br>■ **আইসিটি প্রশিক্ষণ, উদ্যোক্তা ও স্টার্টআপ বা অন্যান্য খাতে বৃত্তি/অনুদানের প্রকল্পসমূহ-** বাস্তবায়ন অগ্রগতি ও ফলাফল যাচাই।<br>ঙ) পরিদর্শনের সুপারিশ বাস্তবায়ন অগ্রগতি তদারকির জন্য একটা কমিটি গঠন করা হবে।<br>**(চ)** কাজের নতুন নতুন ক্ষেত্র চিহ্নিত করার জন্য<br>(ক) জনাব মোঃ আরিফুর রহমান, উপপরিচালক (প্রশাসন)<br>(খ) জনাব তানভীর আহমেদ, সহকারী প্রোগ্রামার<br>(গ) জনাব মোঃ আশিক আকবর, ডাটা এন্ট্রি/কন্ট্রোল সুপারভাইজার (প্রশাসন) সমন্বয়ে ৩ সদস্যবিশিষ্ট একটা কমিটি গঠন করা যায়।সকল অফিসে পরিদর্শন রেজিস্টার রাখতে হবে। |

১০।

**বাজেট প্রণয়ন, বিভাজন, বরাদ্দ ও বাস্তবায়ন অগ্রগতিঃ**

প্রধান কার্যালয়, জেলা কার্যালয় এবং উপজেলা কার্যালয়ের প্রতিটি কোয়ার্টারে ব্যয় এবং ব্যয়ের লক্ষ্যমাত্রা:

| ক্র.নং | কার্যালয়ের নাম | সর্বমোট বরাদ্দ (হাজার টাকায়) | প্রথম কোয়াটার লক্ষ্যমাত্রা ও ব্যয় (হাজার টাকায়) | দ্বিতীয় কোয়াটারে লক্ষ্যমাত্রা ও ব্যয় (হাজার টাকায়) | তৃতীয় কোয়াটারে লক্ষ্যমাত্রা ও ব্যয় (হাজার টাকায়) | চতুর্থ কোয়াটারে লক্ষ্যমাত্রা ও ব্যয় (হাজার টাকায়) | সমন্বিত শতকরা (মোট বরাদ্দ/মোট ব্যয়*১০০) |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | প্রধান কার্যালয় | ১৬৫৯২৮০ | ২২৮৮৮০ | ৪১৮৭৪০ | ৩৯৪৩৮০ | ৬১৭২৮০ | ৮১.১৬% |
| | | | ২২৭৫২০ | ৪১৭১০০ | ৩৯১৮৪০ | ১৬২১৪৯ | |
| ২ | জেলা কার্যালয় | ১৪৩৯৯১০ | ৪০৯৪০০ | ৩৩৪৫২০ | ৫৯৩৪০০ | ১০২৫৯০ | ৭২.৪৮% |
| | | | ৪০৯২৮০ | ৩২৮৭৭০ | ৫৪৩৮৬০ | ০ | |
| ৩ | উপজেলা কার্যালয় | ৪৮৩২৮৮০ | ১১৮৩৬৪০ | ১৩১৫৮১০ | ৯০১১৫০ | ১৪৩২২৮০ | ৮০.১৮% |
| | | | ১১৭৬৬৮০ | ১২৯০৭১০ | ৮৭৮১৮০ | ৩৬৯১৭৪ | |
| সর্বমোট | | ৭৯৩২০৭০ | ১৮২১৯২০ | ২০৬৯০৭০ | ১৮৮৮৯৩০ | ২১৫২১৫০ | ৭৯.৬৭% |
| | | | ১৮১৩৪৮০ | ২০৩৬৬৭০ | ১৮১৩৮৮০ | ৫৩১৩২৩ | |

ক) প্রতিটি কার্যালয়কে বাজেট ব্যয়ের বিস্তারিত বিবরণী নির্ধারিত সময়ের মধ্যে বিভাগে পাঠাতে হবে।

খ) অভ্যন্তরীণ অডিটের জন্য একটি কমিটি গঠন করা হবে, যারা ব্যয় ও বাস্তবায়ন অগ্রগতি যাচাই করবে।

গ) গঠিত কমিটি আগামী সমন্বয় সভার পূর্বেই প্রতিবেদন দাখিল করবে।

ঘ) জেলা কার্যালয়ের ব্যয় ঘাটতি পূরণের জন্য বিশেষ তদারকি ও করণীয় পরিকল্পনা গ্রহণ করতে হবে।

ঙ) বাজেট বাস্তবায়ন শতকরা হার উন্নয়নের জন্য ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদন বাধ্যতামূলকভাবে জমা দিতে হবে।

১। অতি
মহাপরিচালক
২। পরিচা
(অর্থ ও প্রশাসন
৩। উপ-পরিচা
(অর্থ)
৪। সহক
পরিচালক/
সহকারী
প্রোগ্রামার,
শাখা।

<table>
<tr>
<td>১১।</td>
<td>

**(ক) ২০২৪-২৫ অর্থ বছরের অডিট আপত্তিঃ**

<table>
<tr><th colspan="6">২০২৪-২৫ পর্যন্ত আইসিটি অধিদপ্তরের অনিষ্পন্ন অডিট আপত্তির পরিসংখ্যান</th></tr>
<tr><th>ক্রম</th><th>দপ্তর/প্রকল্প</th><th>SFI</th><th>Non SFI</th><th>Total</th><th>Amount</th></tr>
<tr><td>১</td><td>আইসিটি অধিদপ্তর</td><td>২০</td><td>২৬</td><td>৪৬</td><td>৮,২৯,২৫,৭৭৮</td></tr>
<tr><td>২</td><td>সারাদেশের শিক্ষা প্রতিষ্ঠানে কম্পিউটার ও ভাষা প্রশিক্ষণ ল্যাব স্থাপন প্রকল্প</td><td>৪</td><td>১৬</td><td>২০</td><td>১০,৬২,৪০,৩৪৭</td></tr>
<tr><td>৩</td><td>সদ্যবিলুপ্ত ছিটমহলে আইসিটি প্রশিক্ষণ এবং অবকাঠামো স্থাপন শীর্ষক কর্মসূচি</td><td>০</td><td>১</td><td>১</td><td>৪০,৪১,১১৭</td></tr>
<tr><td>৪</td><td>প্রযুক্তির সহায়তায় নারীর ক্ষমতায়ন প্রকল্প</td><td>১২</td><td>৯</td><td>২১</td><td>১০৫,৪৪,১২৯৯</td></tr>
<tr><td>৫</td><td>ইডিসি প্রকল্প</td><td>৪৫</td><td>৩০</td><td>৭৫</td><td>১৭৮,৯৬,৪৬,৯০৬</td></tr>
<tr><td colspan="2">মোট</td><td>৮১</td><td>৮২</td><td>১৬৩</td><td>২০৮,৮২,৯৫,৪৪৭</td></tr>
</table>

**(খ) ২০২৫-২৬ অর্থবছরের অডিট আপত্তিঃ**

অডিট দল এপ্রিল ২০২৬-এ নিরীক্ষা সম্পন্ন করে মোট ৩৫টি অডিট মেমো প্রদান করেছে- অধিদপ্তর ১৬টি, ডিজিটাল ল্যাব প্রকল্প ৪টি এবং হার পাওয়ার প্রকল্প ১৫টি।

</td>
<td>

**(ক)** অডিট আপত্তি নিষ্পত্তির জন্য ৭ সদস্যবিশিষ্ট একটি কমিটি গঠন করা হয়েছে। এতে উপসচিব আবদুল্লাহ আল মামুন (অতিরিক্ত মহাপরিচালক), মোঃ আরিফুর রহমান (উপপরিচালক, অর্থ), মুহাম্মদ আলমগীর ফারুক চৌধুরী (মেইনটেনেন্স ইঞ্জিনিয়ার), মোঃ ইমরান হাসান (প্রোগ্রামার), মোঃ সাব্বির হাসান মুরাদ (সহকারী পরিচালক, অর্থ), মোঃ সোহেল রানা (সহকারী প্রোগ্রামার, অর্থ) এবং শাকিলা আক্তার (সহকারী প্রোগ্রামার, ডিজিটাল ল্যাব প্রকল্প) অন্তর্ভুক্ত রয়েছেন। কমিটি দ্রুততম সময়ে আপত্তি নিষ্পত্তি করে প্রয়োজনীয় মতামত প্রদান করবে।

(খ) মেমো নিষ্পত্তির জন্য প্রাথমিক জবাব প্রস্তুত করে প্রমাণাদিসহ অর্থশাখায় পাঠাতে হবে এবং নির্ধারিত সময়ের মধ্যে Audit Management & Monitoring System 2.0-এ আপলোড নিশ্চিত করতে হবে। অগ্রগতি প্রতিবেদন পরবর্তী সমন্বয় সভার পূর্বেই দাখিল করতে হবে, প্রয়োজনে মনিটরিং কমিটি গঠন করা হবে।

</td>
<td>১। উপ-পরিচা<br>(অর্থ)<br>২। সহক<br>প্রোগ্রামার (অর্থ<br>৩। হিসাব রক্ষ<br>(অর্থ)</td>
</tr>
<tr>
<td>১২।</td>
<td>

Smart Office Management System (SOMS) এর কার্যক্রম:

i. নোটিফিকেশন মডিউলের উন্নয়ন চলমান।<br>
ii. আসেট মডিউলের উন্নয়ন কার্যক্রম হাতে নেয়া হয়েছে।<br>
iii. Inspection Module এ জেলা/উপজেলা অফিস, উপজেলা সেবা ও তথ্য প্রযুক্তি প্রশিক্ষণ কেন্দ্র ও এন্ড ইউজার কানেক্টিভিটি পরিদর্শন সুবিধা সংযুক্ত করা হচ্ছে।

</td>
<td>

(ক) SOMS কার্যক্রম তদারকি ও ফলাফল উন্নয়নের জন্য একটি কমিটি গঠন করা হবে। কমিটি নিয়মিতভাবে অগ্রগতি পর্যবেক্ষণ করবে এবং প্রয়োজনীয় সুপারিশ প্রদান করবে।

**( খ)** আইসিটি বিভাগের বিভিন্ন দপ্তরে SOMS ব্যবহারের জন্য আনুষ্ঠানিকভাবে পত্র প্রদান করতে হবে।

</td>
<td>১। সিস্টে<br>ম্যানেজার<br>২। মেইনটে<br>ইঞ্জিনিয়ার</td>
</tr>
</table>

| | | | |
|---|---|---|---|
| ১৩। | ফ্রিল্যান্সিং খাতকে প্রাতিষ্ঠানিক কাঠামোর আওতায় আনার লক্ষ্যে গত ১৩ জানুয়ারি ২০২৬ তারিখে ফ্রিল্যান্সিং ওয়েবসাইট উদ্বোধন করা হয়েছে। প্ল্যাটফর্মটি ফ্রিল্যান্সারদের আনুষ্ঠানিক পরিচয়, ব্যাংকিং সুবিধা, ঋণ, প্রশিক্ষণ ও নিরাপদ লেনদেন নিশ্চিত করছে। বর্তমান অগ্রগতিতে ৮,০১৩ জনের Freelancer ID অনুমোদিত হয়েছে, নিবন্ধিত ব্যবহারকারী সংখ্যা ৩১,২২৮ এবং মোট আবেদন ১৪,১০৪। ২ লক্ষ ফ্রিল্যান্সিং কার্ড দেয়ার সরকারের টার্গেট পুরনের জন্য জেলা, উপজেলা এবং এ্যাসোসিয়েশনের সমন্বিতভাবে কাজ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | **(ক)** সরকারের ২ লক্ষ ফ্রিল্যান্সিং কার্ড প্রদানের লক্ষ্যমাত্রা পূরণে জেলা, উপজেলা ও বিভিন্ন অ্যাসোসিয়েশনের সমন্বয়ে কাজ করতে হবে। মাঠ পর্যায়ের কর্মকর্তাদের নির্দিষ্ট টার্গেট প্রদান করতে হবে।<br>**(খ)** সংশ্লিষ্ট অ্যাসোসিয়েশন ও মাঠ পর্যায়ে পত্র প্রেরণ করতে হবে।<br>ফ্রিল্যান্সার/উদ্যোক্তা তৈরির জন্য নতুন প্রকল্প গ্রহণ করতে হবে। এ বিষয়ে একটি কনসেপ্ট নোট প্রণয়ন করতে হবে।<br>**(গ)** সকল কার্যক্রম সমন্বয়ের জন্য একটি কমিটি গঠন করতে হবে। কমিটিকে সুনির্দিষ্ট কর্মপরিধি প্রদান করতে হবে।<br>**(ঘ) নিয়মিত ফ্রিল্যান্সিং সিস্টেমটি হালনাগাদ করতে হবে।** | ১। সিস্টে ম্যানেজার<br>২। মেইনটে ইঞ্জিনিয়ার |

| | | | |
|---|---|---|---|
| ১৪। | নির্বাচনী ইশতেহার অনুযায়ী ১৮০ দিনের কর্মসূচিতে নতুন কর্মসংস্থান সৃষ্টি ও আইসিটি ভিত্তিক সেবা প্রদানের লক্ষ্যে চারটি উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এর মধ্যে রয়েছে ২০০ জনকে আইসিটি প্রশিক্ষণ প্রদান, ৫০,০০০ জনকে ফ্রিল্যান্সার আইডি কার্ড প্রদান, ৩৫,০০০ প্রতিষ্ঠানে ব্রডব্যান্ড সংযোগ প্রদান এবং ১৫টি উপজেলা প্রশিক্ষণ কেন্দ্র নির্মাণ।<br>অগ্রগতিতে এখন পর্যন্ত ২০ জন প্রশিক্ষণ পেয়েছে, ৮,২০০ জনকে কার্ড দেওয়া হয়েছে, ১,১৫৯টি প্রতিষ্ঠানে ব্রডব্যান্ড সংযোগ দেওয়া হয়েছে এবং ১১টি উপজেলায় কেন্দ্র নির্মাণ কাজ শুরু হয়েছে। | ১৮০ দিনের কর্মসূচি বাস্তবায়নের জন্য গঠিত তদারকি কমিটির **গঠন করতে হবে। যার কর্মপরিধি হবে নিম্নরূপঃ**<br>• প্রতিটি উদ্যোগের অগ্রগতি নিয়মিতভাবে পর্যবেক্ষণ ও প্রতিবেদন প্রদান।<br>• মাঠ পর্যায়ের কর্মকর্তাদের টার্গেট বাস্তবায়ন তদারকি।<br>• সংশ্লিষ্ট দপ্তর ও প্রকল্পের সাথে সমন্বয় সাধন।<br>• সমস্যা চিহ্নিত করে সমাধানের সুপারিশ প্রদান।<br>• নির্ধারিত সময়সীমার মধ্যে লক্ষ্য অর্জন নিশ্চিত করা।<br>নির্বাচনি ইশতেহার অনুযায়ী ১৮০ দিনের কর্মসূচি সময়ের মধ্যে বাস্তবায়ন কার্যক্রম মনিটরিং এর জন্য নিম্নবর্ণিত সদস্যদের সমন্বয়ে একটি কমিটি গঠন করা যায়।<br>(১) পরিচালক (অর্থ এবং প্রশাসন)<br>(২) জনাব মোঃ শাকিল আহমেদ, সহকারী প্রোগ্রামার (পরিকল্পনা ও উন্নয়ন (গবেষণা ও উন্নয়ন সেল))<br>(৩) জনাব মোঃ জোনায়েদ সিদ্দিক, সহকারী নেটওয়ার্ক ইঞ্জিনিয়ার (প্রশাসন)<br>কমিটি নির্বাচনি ইশতেহার অনুযায়ী ১৮০ দিনের কর্মসূচির বাস্তবায়ন কার্যক্রম নিবিড় মনিটরিং করবে। | ১। পরিচা<br>(পরিকল্পনা উন্নয়ন)<br>২। সহক<br>প্রোগ্রামার |

| | | | |
|---|---|---|---|
| ১৫। | **ডিজিটাল সংযোগ স্থাপন (ইডিসি)**<br>ডিজিটাল সংযোগ স্থাপন (ইডিসি) প্রকল্পের অগ্রগতি পর্যালোচনায় জানানো হয় যে মোট ৩৩৩টি দরপত্র আহ্বান করা হয়েছে, যার মধ্যে ৩২৩টিতে NOA প্রদান ও চুক্তি সম্পাদন সম্পন্ন হয়েছে। বর্তমানে ১৯৪টি উপজেলায় নির্মাণ কাজ চলমান এবং ১২০টি উপজেলায় নির্মাণ কাজ সম্পন্ন হয়েছে। ইতোমধ্যে সম্পন্ন উপজেলাগুলোতে ফার্নিচার সরবরাহ কার্যক্রম চলছে।<br>End User Connectivity: সারাদেশ শিক্ষাপ্রতিষ্ঠানসহ বিভিন্ন প্রতিষ্ঠানে ৫৭,০০০টি ব্রডব্যান্ড ইন্টারনেট সংযোগ স্থাপন করা হয়েছে। ইন্টারনেট সংযোগ প্রদান পরবর্তী কার্যক্রম কেন্দ্রীয়ভাবে তদারকির জন্য NMS প্রতিষ্ঠার লক্ষ্যে কারিগরি কমিটির কার্যক্রম চলমান রয়েছে।<br>এছাড়া প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের আওতাধীন সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ব্রডব্যান্ড ইন্টারনেট সংযোগ প্রদান পরবর্তী গ্রাহক পর্যায়ে প্রশিক্ষণ ও ত্রিপক্ষীয় চুক্তি স্বাক্ষর কার্যক্রম চলমান রয়েছে। | ( ক) সভায় আলোচনা হয় যে, চলমান নির্মাণকাজ দ্রুত সম্পন্ন করতে হবে, ফার্নিচার সরবরাহ কার্যক্রম সময়মতো শেষ করতে হবে এবং প্রকল্পের সামগ্রিক অগ্রগতি নিয়মিতভাবে তদারকি করতে হবে।<br>(খ) আগামী ১৫ জুনের মধ্যে মহাপরিচালকের উপস্থিতিতে প্রকল্প সম্পর্কে একটা প্রেজেন্টেশন দিতে হবে। (গ) প্রকল্পের অডিট আপত্তি নিষ্পত্তির জন্য একজন ফোকাল পারসন নিয়োগ করে অধিদপ্তরের সাথে সমন্বিতভাবে কাজ করে নিস্পত্তির ব্যবস্থা করতে হবে। (ঘ) যেসব শিক্ষা প্রতিষ্ঠানে ব্রডব্যান্ড ইন্টারনেট সংযোগ স্থাপন করা হবে, মাঠ পর্যায়ে তা তদারকির জন্য সহকারী প্রোগ্রামার এবং আইসিটি অফিসারদের লিখিতভাবে নির্দেশনা দিতে হবে। | ১। প্র<br>পরিচালক<br>২। উপ প্র<br>পরিচালক |
| ১৬। | **শিক্ষা প্রতিষ্ঠানে ডিজিটাল ল্যাব স্থাপন (২য় পর্যায়) প্রকল্পের** অগ্রগতি আলোচনায় উল্লেখ করা হয় যে চুক্তি অনুযায়ী অপরিশোধিত অর্থ পরিশোধ কার্যক্রম চলমান রয়েছে এবং PPR-2008 অনুযায়ী চুক্তির মেয়াদ বৃদ্ধি করা হয়েছে। কাজ সম্পাদনকারী ভেন্ডরদের জমাকৃত performance security ধাপে ধাপে ফেরতের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। প্রকল্পের মেয়াদ ব্যয় বৃদ্ধি ছাড়াই আরও ১ বছরের জন্য বাড়ানো হয়েছে। পাশাপাশি ১,০০০ নতুন শিক্ষা প্রতিষ্ঠানে ল্যাব স্থাপনের লক্ষ্যে ডিপিপি সংশোধন কার্যক্রম চলমান রয়েছে। | **৫০০১ টি ল্যাবের হালনাগাদ তথ্য সংগ্রহের নিমিত্ত নিম্নবর্ণিত সদস্যদের সমন্বয়ে একটি কমিটি গঠন** করা যায়।<br>**(১) উপপরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন)**<br>**(২) জনাব মোঃ সুলতান মাহমুদ, ডাটাবেজ এ্যাডমিনিস্ট্রেটর (পরিকল্পনা ও উন্নয়ন)**<br>**(৩) জনাব মোঃ ইমরান হাসান, প্রোগ্রামার ( পরিকল্পনা ও উন্নয়ন (গবেষণা ও উন্নয়ন সেল))**<br>**কমিটি ল্যাবের হালনাগাদ তথ্য সংগ্রহের কাজে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করবে।** | ১। প্র<br>পরিচালক<br>২। উপ প্র<br>পরিচালক |

| | | | |
|---|---|---|---|
| ১৭। | **বিবিধঃ**<br>১। সভাপতি অধিদপ্তরের কার্যক্রম প্রসঙ্গে উল্লেখ করেন যে অধিদপ্তরের কার্যক্রম সুনির্দিষ্টকরণ করা জরুরি। এ উদ্দেশ্যে প্রধান কার্যালয় ও মাঠ পর্যায়ের কর্মকর্তাদের সমন্বয়ে একটি কমিটি গঠন করা হয়েছে। কমিটির জন্য সুনির্দিষ্ট কর্মপরিধি নির্ধারণ করে দ্রুত নির্দেশনা বাস্তবায়নের প্রয়োজনীয়তা সভায় গুরুত্বসহকারে আলোচিত হয়।<br><br>২। উচ্চ গতির ইন্টারনেট কানেক্টিভিটি নিশ্চিত করার জন্য বিসিসির আওতাধীন ইনফো সরকার-৩ প্রকল্পের ইউনিয়নগুলোতে ব্রডব্যান্ড সংযোগ সম্প্রসারিত হয়েছে। ইউডিসিতে বসে উদ্যোক্তারা আউটসোর্সিং ও ই-কমার্সের ব্যাবসা পরিচালনা করতে পারবে। এ কর্মসূচি বাস্তবায়নে সহযোগিতা করছে প্রধানমন্ত্রীর কার্যালয়ের অ্যাকসেস টু ইনফরমেশন (এটুআই) প্রোগ্রাম। ইন্টারনেট কানেক্টিভিটি ও এলজিএসপি -২ (LGSP-2) প্রকল্প থেকে ইউডিসিকে প্রদত্ত মালামালের সঠিক ব্যবহার ও পরিচালনা নিমিত্ত মাঠ পর্যায়ের কর্মকর্তাদের UDC সেন্টার পরিদর্শনের প্রয়োজনীয়তার বিষয়ে আলোচনা হয়। মাঠ পর্যায়ের কর্মকর্তাদের UDC সেন্টার পরিদর্শনের জন্য (এটুআই) –এর সম্মতি প্রয়োজন। | অধিদপ্তরের কার্যক্রম সুনির্দিষ্ট করার জন্য অতিরিক্ত মহাপরিচালকের সভাপতিতে একটি সভা আয়োজন করতে হবে। সভায় আলোচনার ভিত্তিতে চূড়ান্ত খসড়া প্রতিবেদন প্রণয়ন করা হবে, যা কার্যক্রমের সুনির্দিষ্ট কাঠামো ও বাস্তবায়ন নির্দেশনা নির্ধারণে সহায়ক হবে।<br><br>২। এ অধিদপ্তরের মাঠ পর্যায়ের কর্মকর্তাদের UDC সেন্টার পরিদর্শনের প্রয়োজনীয়তার বিষয় জানিয়ে a2i বরাবর পত্র প্রেরণ করতে হবে। | প্রশাসন শাখা |

২। সভাপতি সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট সকলকে তাদের দায়িত্ব যথাবিধি পালন করত এবং প্রত্যেক মাসের ১০ তারিখের মধ্যে বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রশাসন শাখার সংশ্লিষ্ট কর্মকর্তার নিকট প্রেরণের অনুরোধ জানান এবং উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

০৮-০৬-২০২৬
মোহাম্মদ সাইফুল হাসান
মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)
ফোন : +৮৮ ০২-৪১০২৪০৭২
ফ্যাক্স : +৮৮ ০২-৫৫০০৬৮৮২
ইমেইল : dg@doict.gov.bd

**নম্বর:** ৫৬.০৪.০০০০.০০০.০০৮.০৬.০০৩২.১৮.৪৩৫

তারিখ: ২৫ জ্যৈষ্ঠ ১৪৩৩ বঙ্গাব্দ
০৮ জুন ২০২৬ খ্রিস্টাব্দ

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। প্রকল্প পরিচালক, প্রকল্প পরিচালক এর দপ্তর, ডিজিটাল সংযোগ স্থাপন প্রকল্প (ইডিসি)।
২। প্রকল্প পরিচালক , প্রকল্প পরিচালকের দপ্তর, শিক্ষা প্রতিষ্ঠানে ডিজিটাল ল্যাব স্থাপন প্রকল্প (২য় পর্যায়)।
৩। ।
৪। সচিবের একান্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব), সচিবের দপ্তর, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ।
৫। ওয়েবসাইট এ্যাডমিনিস্ট্রেটর, সিস্টেম ও প্রশিক্ষণ, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর।
৬। মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

০৯-০৬-২০২৬
মো: আরিফুর রহমান
উপপরিচালক